# একটি নমুনা মূল্যায়ন

**যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লেখো**
**পাশের সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক**

**পূর্ণ সংখ্যা - 100**

## খন্ড - ক

**1. নিচের অংশটুকু পড়ে প্রশ্নগুলির উত্তর দাও** 2 x5 = 10

"আমাদের এক চাকর ছিল, তাহার নাম শ্যাম।

শ্যামবর্ণ দোহারা বালক, মাথায় লম্বা চুল, খুলনা জেলায় তাহার বাড়ি। সে আমাকে ঘরের একটা নির্দিষ্ট স্থানে বসাইয়া আমার চারিদিকে খড়ি দিয়া গন্ডি কাটিয়া দিত। গম্ভীর মুখ করিয়া তর্জনী তুলিয়া বলিয়া যাইত, গন্ডির বাহিরে গেলেই বিষম বিপদ। বিপদটা আধিভৌতিক, কি আধিদৈবিক, স্পষ্ট করিয়া বুঝিতাম না; কিন্তু মনে বড় একটা আশঙ্কা হইত। গন্ডি পার হইয়া সীতার কী সর্বনাশ হইয়াছিল তাহা রামায়ণে পড়িয়াছিলাম, এইজন্য গন্ডিটাকে নিতান্ত অবিশ্বাসীর মতো উড়াইয়া দিতে পারিতাম না।"

ক. লেখকের চাকরটির নাম কী ছিল ?

খ. চাকরটির বাড়ি কোথায় ছিল ?

গ. লেখকের সঙ্গে চাকরটি কী করতো ?

ঘ. লেখক কেন গন্ডির বাইরে বেরোতে চাইতেন না ?

ঙ. বিপরীত শব্দ লেখো

ভৌতিক, গম্ভীর

**2. নিচের কবিতাটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও** 2 x5 = 10

" মোদের গরব, মোদের আশা
আ-মরি বাংলা ভাষা
তোমার কোলে তোমার বোলে, কতই শান্তি ভালবাসা।
কি যাদু বাংলা গানে,

গান গেয়ে দাঁড় মাঝি টানে,
গেয়ে গান নাচে বাউল, গান গেয়ে ধান কাটে চাষা।
ঐ ভাষাতেই নিতাই গোরা,
আনল দেশে ভক্তি ধারা,
আছে কই এমন ভাষা, এমন দুঃখ ক্লান্তি-নাশা,
বিদ্যাপতি, চন্ডী, গোবিন
হেম, মধু, বঙ্কিম, নবীন
ঐ ভাষারই মধুর রসে বাঁধল সুখে মধুর বাসা।"

ক. কবিতাটিতে কবি কোন ভাষার গুণগান করেছেন ?

খ. এখানে কোন কোন কর্মক্ষেত্রের কথা বলা হয়েছে, যারা বাংলা গানের সুরে নিজ নিজ কর্মে প্রেরিত হয়েছে ?

গ. 'হেম, মধু, বঙ্কিম, নবীন' -- এঁরা কারা ? যে কোন দুজনের পুরো নাম লেখো।

ঘ. কবি এখানে বাংলা ভাষাকে 'মধুর রস' কেন বলেছেন ?

ঙ. বিপরীত শব্দ লেখো —

মধুর সুখ

## খন্ড - খ

3. তোমার গ্রামের একটি মাত্র পুকুর যা গ্রামবাসীদের প্রয়োজনে মেটায়। কিছু লোক নোংরা ফেলে ধীরে ধীরে পুকুরটি বুজিয়ে ফেলার চেষ্টা করছে। প্রতিবাদে কাজ হয়নি। সম্পাদকীয় কলমে চিঠি লিখে সরকারের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করো।

**অথবা** 5

তোমরা পাশের গ্রামের একটি স্কুলের সঙ্গে ক্রিকেট খেলার ম্যাচ আয়োজন করতে চলেছ। তাতে গ্রামবাসীরাও আমন্ত্রিত। এই আমন্ত্রণের একটি নোটিশ (Notice) স্কুলে ও পাড়ায় টাঙাবার জন্য লেখো।

4. ইংরেজি মাধ্যমে পড়াশোনা করে এমন এক বন্ধু তোমার আছে। সে বাংলা জানে না। তুমি তাকে তোমার অবসর সময়ে বাংলা শিখিয়ে যে আনন্দ পেয়েছ, সে আনন্দ অনুভূতির কথা নিজের ভাষায় লেখো।

**অথবা** 10

তোমাদের সমাজে এমন কিছু নিয়ম আছে, যার জন্য সাধারণ মানুষকে দুঃখ কষ্ট সহ্য করতে হয়। এইসব নিয়মের বিরোধিতা করা অন্যায় কিনা সে বিষয়ে একটি অনুচ্ছেদে তোমার মতামত জানাও।

## খন্ড - খ

5. **নিচের সমোচ্চারিত শব্দগুলির অর্থ লেখো** 3

| | | |
|---|---|---|
| বীণা | বলি | উপাদান |
| বিনা | বলী | উপাধান |

6. **পদ পরিবর্তন করো** 3

| | | |
|---|---|---|
| জল | দেশ | পৃথিবী |

7. **সন্ধি বিচ্ছেদ করো** 3

| | | |
|---|---|---|
| উত্তরায়ণ | বিশ্ববিদ্যালয় | একাসন |

8. **ব্যাসবাক্যের সঙ্গে সমাসের নাম লেখো** 3

| | | |
|---|---|---|
| হাততালি | বিদ্যাসাগর | উইকেট রক্ষক |

9. **নিচের অংশটি হিন্দীতে অনুবাদ করো** 3

বেশ কয়েক বছর আগেকার কথা। ভারত সেবার গেছে ইংলন্ড সফরে। ওভাল টেস্টে সেদিন তখন ব্যাটিং করছিলেন ভারতের নামকরা ব্যাটস্‌ম্যান বিজয় মার্চেন্ট। খুব সুন্দরভাবে খেলছিলেন তিনি। তাঁর দর্শনীয় মারের চমকে মাঠের পরিবেশই গিয়েছিল পাল্টে।

## খন্ড - খ

**সঠিক উত্তরটি লেখো** 1 x 4 = 4

10. **নোবেল পুরস্কার পাবার সংবাদ প্রাপ্তির সময়ে রবীন্দ্রনাথ কোথায় ছিলেন ?**

ক. জোড়াসাঁকো খ. শান্তিনিকেতন

গ. শিলাইদহ ঘ. দার্জিলিং

11. 'টাকা নেই বলে কি আমি তীর্থটুকুও করতে পারব না' – 'অমৃতকুম্ভের সন্ধানে' পাঠটিতে কে একথা বলেছিলেন ?

ক. পাতিয়া খ. মধ্যপ্রদেশের ভদ্রলোক

গ. লেখক ঘ. অন্ধ্রের ভদ্রলোক

12. 'অঙ্গুরী সংবাদ' কবিতাটি কোন মহাকাব্যের একটি অংশ ?

ক. রামায়ণ খ. মহাভারত

গ. ইলিয়াড ঘ. ওডিসি

13. আমি ভীষণ ভালবাসতাম আমার ............................।

ক. মাকে খ. বন্ধুকে

গ. ভাইকে ঘ. শিক্ষককে

অতি সংক্ষেপে লেখো 1 x 5 = 5

14. প্রাচীন যুগের বাংলা ভাষার প্রথম সাহিত্যিক নিদর্শন কী ?

15. ১৯৫৩ সালে লীডস্ মাঠে কোন দুই দেশের মধ্যে টেস্ট খেলা হচ্ছিল ?

16. 'পথ দেখাবি না' কবিতাটি কোন কবির লেখা ?

17. বাংলার উত্তর দিকের সীমানা কোথায় গিয়ে শেষ হয়েছে ?

18. সুদাস মালী প্রভু বুদ্ধের কাছে কী প্রার্থনা করেছিল ?

সংক্ষেপে লেখো (যে কোন আটটি) 2 x 8 = 16

19. আত্রেয়ের কাছে শিক্ষালাভের একান্ত বাসনা অথচ মনে কিসের সংশয় জীবককে বার - বার চিন্তাগ্রস্ত করেছে।

20. অ্যাংলো ইন্ডিয়ানরা নিজেদের ভারতীয় বলতে কেন সংকোচ বোধ করতো ?

21. দুবেজী বিলুকে একান্তে নিয়ে গিয়ে কী দায়িত্ব দিতে চেয়েছিলেন ?

22. 'গহন বনের গল্প' বইটি প্রকাশকের দোকানে বসে হঠাৎ দেখতে পেয়ে লেখক বইটি অত আগ্রহের সঙ্গে কেন নিয়ে নিলেন ?

23. 'পূজারিণী' কবিতায় শ্রীমতী নিজের প্রাণ দিয়ে কী প্রমাণ করলো ?

24. জলে, স্থলে সর্বত্র কিসের দূষণ অনুভব করা যায় ?

25. জগৎ - সংসারের লোক কী কারণে নিজেদের গৌরবান্বিত মনে করে ? 'জাতবিচার' কবিতাটি অবলম্বনে লেখো ।

26. মালতী কেন প্রজাদের কুটিরে আগুন লাগাতে চাইলো না ?

27. 'অপমানবর' কবিতায় কবীরের প্রতি ব্রাহ্মণদের রাগের কারণ কী ?

28. জুতা আবিষ্কার কবিতায় চামার রাজার জন্য জুতা তৈরি করে দিলে, মন্ত্রী কী বলেছিলেন ?

**বিস্তারিত ভাবে লেখো** (যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও) $5 \times 5 = 25$

29. ক. রবীন্দ্রনাথের সাহিত্য সাধনার বিষয়ে যা জানো, লেখো ।

খ. আলাউদ্দীন খানকে ভারতীয় মার্গসংগীতের প্রবাদ পুরুষ কেন বলা হয় ?

গ. সুভাষ কাকিমার স্বামীর মৃত্যু সংবাদ কিছুদিন কাউকে না বলে সধবার জীবন যাপন কেন করেছিলেন ? এ কাজকে কি অনাচার বলা যায় ? এ বিষয়ে তোমার মতামত লেখো।

**30. যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও**

ক. 'মানুষের জীবন বিপরীত দিকে না গেলেও, মন তার স্মৃতি পথে বিপরীত স্রোতে ভেসে যায়' — এর প্রকৃষ্ট উদাহরণ 'উজানডিঙি' কবিতাটি । এ বিষয়ে তোমার মতামত লেখো ।

খ. 'কন্যা, তোমার মেঘবরণ কেশ' কবিতাটি প্রকৃতি প্রেমের এক শ্রেষ্ঠ কবিতা । এতে প্রকৃতি কিভাবে এক চঞ্চলা কন্যার সঙ্গে এক হয়ে গেছে — তা লেখো ।

গ. ''মরণ - সাগর পার যেতে হবে সবাকার
দিন গেল বেলা অবসান ।

তরী বুঝি ছেড়ে যায়　　　উঠে পড়ো খেয়া নায়

ভয় নাই, মাঝি ভগবান ।।"

'করমের যুগ এসেছে' কবিতাটি অবলম্বনে উপরের পংক্তিগুলিতে কবি কী বলতে চেয়েছেন বুঝিয়ে লেখো ।

31. যে কোন একটি প্রশ্নের উত্তর দাও

ক. নগরলক্ষ্মী কে ? তাঁকে কেন নগরলক্ষ্মী বলা হয়েছে ?

খ. রঘুনাথের দেওয়া উপহারটি পেয়ে শিখগুরু এত নিস্পৃহ ছিলেন কেন ? বুঝিয়ে লেখো ।

পড়ো —

অজানাকে জানো,

অচেনাকে চেনো।